# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/৭৬ তারিখ : ২৫/০১/২০১৫খ্রি.

**বিষয় : নিম্নে উল্লেখিত শাখা ও বিষয়ের স্বীকৃতি প্রদান**

সূত্র : অত্র বোর্ডের কলেজ মঞ্জুরী কমিটির ৯ম সভার সিদ্ধান্ত

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০১৮/০১/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, সরকারি বরিশাল কলেজ, কালীবাড়ী রোড, বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নে উল্লেখিত শাখা ও বিষয়গুলো স্বীকৃতিপ্রাপ্ত না হওয়া সত্ত্বেও স্থায়ী স্বীকৃতি নবায়ন পত্রে অন্তর্ভুক্ত হওয়ায় অনুমতির পর থেকে পরবর্তী বিভিন্ন মেয়াদে স্বীকৃতি নবায়ন পত্র থেকে উক্ত শাখা ও বিষয়গুলো এতদ্বারা বাতিল করা হলো এবং নিম্নবর্ণিত শর্তে কলেজ মঞ্জুরী কমিটির ৯ম সভার সিদ্ধান্ত মোতাবেক **বিজ্ঞান শাখার (পদার্থ, রসায়ন, জীব, উচ্চতর গণিত) স্বীকৃতি ০১/০৭/১৯৭৪ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত, সাচিবিকবিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ের স্বীকৃতি ০১/০৭/১৯৮১ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত, কৃষি শিক্ষা বিষয়ের স্বীকৃতি ০১/০৭/১৯৮৪ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত, সমাজকর্ম বিষয়ের স্বীকৃতি ০১/০৭/১৯৮৬ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (কম্পিউটার শিক্ষা) বিষয়ের স্বীকৃতি ০১/০৭/২০০১ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত** প্রদান করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

<u>শর্তাবলী</u>

০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে

০২। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে

০৩। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে

০৪। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে

০৫। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে

০৬। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে

০৭। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে

০৮। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় এ আদেশ প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

২৫.০১.২০১৫

**ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬
gmail : drliaquate@gmil.com

অধ্যক্ষ
সরকারি বরিশাল কলেজ
কালীবাড়ী রোড, বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি
২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪। পরিচালক, ব্যানবেইস, ঢাকা
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
৬। পি এস টু চেয়ারম্যান, বশিবো
৭। সংরক্ষণ নথি

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/ ৭৪ তারিখ : ২৫ /০১/২০১৫খ্রি.

**বিষয় : স্থায়ী স্বীকৃতিপ্রাপ্ত শাখা ও বিষয়ের মেয়াদ নবায়ন প্রসঙ্গে**

সূত্র : কলেজের স্মারক নং-স.ব.ক/২০১৪/৩৭৬, তারিখ- ২৪/১২/২০১৪খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১৮/০১/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, সরকারি বরিশাল কলেজ, কালীবাড়ী রোড, বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে স্থায়ী স্বীকৃতিপ্রাপ্ত শাখা ও বিষয়ের মেয়াদ ০১/০৭/২০১৩ থেকে ৩০/০৬/২০১৮খ্রি. পর্যন্ত ০৫(পাঁচ) বছরের জন্য নবায়ন করা হলো।

নবায়নের সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে শিক্ষাবোর্ড বিরত থাকবে।

| **শাখা** | **বিষয়** |
|---|---|
| ১। আবশ্যক বিষয় | : বাংলা ও ইংরেজি (সকল শাখার জন্য) |
| ২। নৈর্ব্যাচনিক বিষয় | |
| ক) মানবিক শাখা | : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| খ) ব্যবসায় শিক্ষা শাখা | : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা |

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৭৪.০০৪.১১-৬০৩, তারিখ- ১৩ জুন ২০১৩ এর বর্ণনা অনুযায়ী পাঠ্যক্রম থেকে **অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল** বিষয়টি বাদ দেয়ায় উক্ত বিষয়ের স্বীকৃতির মেয়াদ নবায়ন করা হলো না।

শর্তাবলী

০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং এর ৫০% পাস করতে হবে

০২। প্রতি বছর ১০০০/- (এক হাজার) টাকা হারে সংরক্ষণ ফি দাখিল করতে হবে

০৩। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে

০৪। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

২৫.০১.২০১৫

**ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬
gmail : drliaquate@gmil.com

২৫/১/২০১৫

অধ্যক্ষ
সরকারি বরিশাল কলেজ
কালীবাড়ী রোড, বরিশাল

সদয় অবগতির জন্য অনুলিপি

২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

৪। পি এস টু চেয়ারম্যান, বশিবো

৫। সংরক্ষণ নথি